



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫।

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারকনং : বাউবি/এসএসএস/ওএস-এসএসসি/বিশেষ-১

তারিখ : ০৯/০৭/২০২০ খ্রিস্টাব্দ

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত (সংশোধিত)

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল
রংপুর/বগুড়া/রাজশাহী/ফরিদপুর/যশোর/খুলনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : বাউবির ওপেন স্কুলের এইচএসসি প্রোগ্রামের ভর্তির পরিবর্তিত সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

১. করোনা সংকটের কারণে দেশের আর্থ সামাজিক অবস্থা বর্তমানে অত্যন্ত সংকটময়। সে কারণে চলতি শিক্ষাবর্ষে এইচএসসি প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির হার এখন পর্যন্ত তেমন আশাব্যঞ্জক নয়। সেক্ষেত্রে এ প্রোগ্রামের ভর্তি সময়সীমা ৩০/০৯/২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। তবে করোনা পরিস্থিতির ভয়াবহতা বিবেচনা করে এক্ষেত্রে কোন বিলম্ব ফি প্রযোজ্য হবে না।
২. যারা আর্থিক অসচ্ছলতার কারণে একবারে কোর্স ফি টাকা জমা দিতে পারবে না, তারা দুই কিস্তিতে টাকা জমা দেয়ার সুযোগ পাবে। ১ম কিস্তি ৩১ আগস্ট ২০২০ এবং ২য় কিস্তি ০১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে জমা দিতে হবে।
৩. ১ম কিস্তি ২২৬২ (দুই হাজার দুইশত বাষট্টি) টাকা, ২য় কিস্তি ২২৬১ (দুই হাজার দুইশত একষট্টি) টাকা জমা দিতে হবে। কোর্স ফি এবং আনুষঙ্গিক ফি অর্ন্তভুক্ত করে মোট ৪৫২৩ (চার হাজার পাঁচশত তেইশ) টাকা ফি নির্ধারণ করে এ বিভাজন করা হলো।
৪. যে সব শিক্ষার্থী অনলাইনে আবেদন করে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন, তারা পেমেন্ট সংক্রান্ত এসএমএস এবং ট্রানজেকশনহিস্ট্রির প্রিন্ট কপি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত শুক্র, সোম ও বুধবার যেকোন দিন বাউবির নির্ধারিত আঞ্চলিক/উপ-আঞ্চলিক অফিসে জমা দিতে পারবেন। এক্ষেত্রে সকল শিক্ষার্থী নিজ দায়িত্বে পেমেন্ট সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করবেন।

উল্লেখ্য, যেহেতু ১৬ মার্চ ২০২০ তারিখ থেকে এইচএসসি প্রোগ্রামের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে এবং ইতিমধ্যে বেশ কিছু শিক্ষার্থী তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেছেন তাই পূর্ব নির্ধারিত আবেদন ফি ১০০ (একশত) টাকা ধরেই সার্বিক ভর্তি ফি নির্ধারণ ও বিভাজন করা হলো।

উপরে বর্ণিত নির্দেশনার আলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : অবগতির জন্য

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. সিস্টেম ম্যাজোর/পরিচালককম্পিউটারবিভাগ, বাউবি (বিষয়টি বাউবির ওয়েব সাইটে প্রচারের এবং কিস্তির টাকা জমা দেয়ার জন্য OSAPS কনফিগারেশনে প্রয়োজনীয় সংশোধন করার জন্য অনুরোধ করছি)।
৪. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, বাউবি।
৫. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্র, বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (মাননীয় উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৭. উপ-পরিচালক, প্রোগ্রাম-উপাচার্যের দপ্তর (মাননীয় প্রোগ্রাম-উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৮. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।